দৈনিক বাংলা

তারিখ ... 20 FEB 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

187

P/

# শহীদ মিনারে কারো ছবি টাঙ্গানো যাবে না ঃ ছাত্রঐক্য

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

সর্বদলীয় ছাত্র ঐক্য সিদ্ধান্ত নিয়েছে যে, এবার কেন্দ্রীয় শহীদ মিনারের বেদীতে এবং চত্বরে কোন

(৫-এর পৃঃ দ্রঃ)

**ছাত্রঐক্য** (প্রথম পৃষ্ঠার পর)

দল, সংগঠন, ব্যক্তিবিশেষ বা দল-বিশেষের কোন ছবি বা বোর্ড স্থাপন করতে দেয়া হবে না।

এছাড়া একুশের রাতে এবং দিনে জগন্নাথ হল রোড থেকে মেডিক্যাল কলেজের বহির্বিভাগ গেট পর্যন্ত শহীদ মিনার চত্বরে কোন দল বা সংগঠনের সমাবেশ, শ্লোগান, শপথ ও বক্তৃতা অনুষ্ঠিত হবে না বলেও ছাত্র ঐক্য সিদ্ধান্ত নিয়েছে। তবে প্রয়োজনীয় ক্ষেত্রে দলগুলি শহীদ মিনার চত্বর পেরিয়ে বিবিধ আনুষ্ঠানিকতা করতে পারবে। শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করতে আসা সাধারণ মানুষ এবং প্রভাত ফেরীতে অংশগ্রহণকারীদের সুবিধার্থে শহীদ মিনার চত্বরে ভিড় করে দাঁড়িয়ে না থাকার জন্য ছাত্র ঐক্য সকলের প্রতি অনুরোধ জানিয়েছেন।

একুশ উপলক্ষে ছাত্র ঐক্যের উদ্যোগে আজ বিকাল সাড়ে চারটায় কেন্দ্রীয় শহীদ মিনারে এক ছাত্র গণ-জমায়েত অনুষ্ঠিত হবে।